দৈনিক খবর

তারিখ 18 NOV 1991 পৃষ্ঠা 2 কলাম 6

## বিদ্যালয় সরকারীকরণের আবেদন

শাহরাস্তি উপজেলাধীন (চাঁদপুর) আয়নাতলী ফরিদউদ্দিন উচ্চ বালিকা বিদ্যালয়টি এই উপজেলায় বসবাসরত জনসাধারণের সার্বিক স্বার্থে খুবই গুরুত্বপূর্ণ।

উল্লেখ্য, গত ১৯৮৬ সালে উপজেলার দক্ষিণ অঞ্চলের আয়নাতলীতে কয়েকজন বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজ সেবকের সার্বিক সাহায্য সহযোগিতায় আয়নাতলী ফরিদউদ্দিন বালিকা উচ্চ বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়।

সূচনালগ্নে স্কুলটি এক একর ভরাট ভূমির উপর একটি চৌচালা টিনের ঘর, অফিস কক্ষ, দোচালা টিনের ঘর ও শ্রেণীকক্ষ দিয়ে শুরু হয়। তারপর সামান্য সরকারী সাহায্য ও বিশিষ্ট ব্যক্তিদের আর্থিক সাহায্যে পাঁচতলা ফাউন্ডেশনে ১০ ফুট/ ২০ ফুট একটি বিল্ডিং-এর কাজ শুরু হয়। এর নীচতলার আংশিক নির্মাণ কাজ হওয়ার পর অর্থাভাবে কাজ বন্ধ হয়ে যায়। এছাড়া প্রতিষ্ঠানের সাথে একটি গণমুখী শিক্ষা প্রতিষ্ঠানও রয়েছে।

বিদ্যালয়টি ৬ষ্ঠ হতে দশম শ্রেণী পর্যন্ত প্রায় ৫শ' ৬শ' ছাত্রী এবং ১৫ জন শিক্ষক-শিক্ষিকা নিয়ে বর্তমান অবস্থায় উপনীত হয়েছে। এছাড়াও বিগত কয়েক বছর যাবৎ এই স্কুলের এসএসসি পরীক্ষার ফলাফল খুবই ভাল।

উল্লেখ্য যে, প্রতিষ্ঠালগ্ন হতে গত কয়েক বছর যাবৎ বর্ষা ও ঘূর্ণিঝড়ে বেশ কয়েকবার বিধ্বস্ত হওয়ায় প্রাকৃতিক আঘাতের কারণে স্কুলটি পরিচালনা করতে বেশ বিঘ্নের সৃষ্টি হয়েছে। বিশস্ত সূত্রে জানতে পারলাম, সরকার শিক্ষার উন্নয়নের লক্ষ্যে প্রতি উপজেলায় একটি করে সরকারী উচ্চ বালিকা বিদ্যালয় স্থাপন করার পরিকল্পনা নিয়েছেন।

অতএব, সরকার সমীপে আবেদন, ফরিদউদ্দিন উচ্চ বালিকা বিদ্যালয়টি সরকারীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হোক।

মীর বিল্লাল হোসেন
গ্রাম ও ডাকঘর ঃ আয়নাতলী
শাহরাস্তি, চাঁদপুর।

## মাদ্রাসা শিক্ষা বোর্ড সমীপে

গোপালগঞ্জ জেলার মোকসেদপুর উপজেলায় অনেকগুলো দাখিল, আলিম ও ফাজিল পর্যায়ের মাদ্রাসা রয়েছে। কিন্তু মাদ্রাসাসমূহের ছাত্র-ছাত্রীদের ফাইনাল পরীক্ষা দেয়ার জন্য সুদূর গোপালগঞ্জে যেতে হয়। দরিদ্র ছাত্র-ছাত্রীদের পক্ষে এতদূরে গিয়ে হোটেলে থেকে পরীক্ষা দেয়া অসম্ভব হয়ে পড়ে। বাংলাদেশ মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষের নিকট উক্ত সমস্যা অবহিত করলে তিন বছর পূর্বে শুধু দাখিল ছাত্রদের জন্য মোকসেদপুরে পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হয়। দাখিল পরীক্ষার্থীদের সমস্যার সমাধান করা হলেও আলিম ও ফাজিল ছাত্রদের সমস্যা এখনো সেই পর্যায়ে রয়ে গেছে। অতএব মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে বলছি, মোকসেদপুরে আলিম-ফাজিল পরীক্ষার্থীদের জন্য পরীক্ষাকেন্দ্র স্থাপন করে ছাত্র-ছাত্রীদের অনেক ভোগান্তির হাত হতে নিস্তার দেয়া হোক।

মাহমুদুল হাসান (মহারাত)
দিগনগর নূর মঞ্জিল
মোকসেদপুর, গোপালগঞ্জ।